

# কালের কণ্ঠ

১৩ নভেম্বর, ২০১৮

ব্র্যাক ইউনিভার্সিটিতে ক্যারিয়ার ফেয়ার

## চাকরিপ্রার্থীদের খোঁজে হাজির চাকরিদাতারা

জুবায়ের আহমেদ হৃদয় ব্র্যাক ইউনিভার্সিটিতে এমবিএ করছেন। গতকাল সোমবার তিনি মাত্র আধাঘণ্টায় ছয়টি স্বনামধন্য প্রতিষ্ঠানে চাকরির জন্য সিভি জমা দেন। ইস্টার্ন ব্যাংকের স্টলে কথা হয় জুবায়েরের সঙ্গে। তিনি কালের কণ্ঠকে বলেন, ‘এই ছয়টি প্রতিষ্ঠানে ছয় দিনেও সিভি জমা দেওয়া সম্ভব হতো না। আবার দেখা গেল জব সার্কুলার না থাকলে বেশির ভাগ প্রতিষ্ঠান সিভিও নিতে চায় না। অথচ এখন একই ছাদের নিচে দেশের এতগুলো নামকরা প্রতিষ্ঠান চাকরি নিয়ে হাজির হয়েছে।’

শুধু ইস্টার্ন ব্যাংকই নয়, লংকাবাংলা, বাটা, অ্যাপেক্স ফুটওয়্যার লিমিটেড, রিজেন্ট এয়ারওয়েজ, পাঠাও লিমিটেড, রেনাটা লিমিটেড, এসিআই লিমিটেড, ব্র্যাক, মেঘনা গ্রুপ অব ইন্ডাস্ট্রিজ, বিকাশসহ ৩৫টি প্রতিষ্ঠান চাকরি নিয়ে হাজির হয়েছে ব্র্যাক ইউনিভার্সিটিতে। গতকাল সোমবার থেকে শুরু হয়েছে দুই দিনব্যাপী ‘ক্যারিয়ার ফেয়ার ২০১৮’। ‘ক্যাম্পাস টু করপোরেট’ শিরোনামে এই ফেয়ারের আয়োজন করেছে ইউনিভার্সিটির ‘অফিস অব ক্যারিয়ার সার্ভিসেস অ্যান্ড অ্যালামনাই রিলেশনস (অকসার)। এই আয়োজনের মিডিয়া পার্টনার কালের কণ্ঠ।

প্রধান অতিথি থেকে ক্যারিয়ার ফেয়ার উদ্বোধন করেন ব্র্যাক ইউনিভার্সিটির ভারপ্রাপ্ত উপাচার্য এস এন কৈরী। উদ্বোধনী অনুষ্ঠানে অকসারের পরিচালক দিলারা আফরোজ খান রূপার সঞ্চালনায় বিশেষ অতিথি ছিলেন পাঠাওয়ার সিইও হুসাইন মোহাম্মদ ইলিয়াস, বিকাশের হিউম্যান রিসোর্স অফিসের বিভাগীয় প্রধান মোহাম্মদ ফেরদৌস ইউসুফ এবং

থেরাপ (বিডি) লিমিটেডের হিউম্যান রিসোর্স বিভাগের প্রধান মেজর জেনারেল (অব.)  
মোহাম্মদ শামিম চৌধুরী।